



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা) ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০. ১৪৩.১৩. ২২৬

তারিখঃ ২০/০৩/২০১৮ খ্রি:

বিষয়ঃ কৈফিয়ত তলব প্রসঙ্গে।

সূত্রঃ বোরহানউদ্দীন, ভোলার স্মারক নং ৪৮১ তারিখ : ০৬/০৩/১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনাকে স্মারক নং ১৩৬ তারিখ : ১৮/০২/১৮খ্রিঃ মূলে কৈফিয়ত তলব করা হয় এবং তার জবাব ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রদান করার নির্দেশনা দেয়া সত্ত্বেও কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে আপনি সূত্রোক্ত স্মারক মূলে বিলম্বে জবাব প্রেরণ করেছেন; যা অসদাচারণের সামিল। এছাড়া আপনার প্রেরিত জবাবও সন্তোষজনক নয়। উল্লেখ্য, ছুটির স্বপক্ষে আপনি প্রমাণক হিসেবে যে ব্যবস্থাপত্র দিয়েছেন উক্ত ব্যবস্থাপত্রে উল্লেখিত ঠিকানায় সৈয়দ মোঃ নেছার আলী নামে কোন চিকিৎসক বর্তমানে নেই মর্মে জানানোর পরও আপনি আপনার জবাবে বর্ণিত চিকিৎসক এর ব্যবস্থাপত্রের আলোকে ছুটি মঞ্জুরের জন্য আবেদন করেছেন। এতে স্পষ্টভাবে প্রমাণিত হয় আপনি ইচ্ছাকৃতভাবে ভূয়া মেডিক্যাল সনদ এর মাধ্যমে ছুটি ভোগ করতে চাচ্ছেন; যা অফিস শৃঙ্খলা পরিপন্থী। এমতাবস্থায়, বিলম্বে জবাব প্রেরণ ও এ ধরনের মেডিক্যাল সনদের উপর ভিত্তি করে কেন আপনার ছুটি মঞ্জুর করা হবে তার সন্তোষজনক জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৭ কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য নির্দেশক্রমে বলা হলো অন্যথায় আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোহাম্মদ আতিকুর রহমান
উপ প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোন- ৮১৮০১৪৩

জনাব ফারহানা আক্তার
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা
ইরেসপো, বিআরডিবি
বোরহানউদ্দীন, ভোলা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ভোলা।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ বোরহানউদ্দীন জেলা : ভোলা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা। (পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির জন্য)